**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 15-10-2025**

**Time : 1.30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ প্রধানমন্ত্রী, প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আজ বিহারে বুথস্তরে দলীয় কর্মীদের সঙ্গে আলাপচারিতার মাধ্যমে বিধানসভা নির্বাচনের প্রচার অভিযান শুরু করতে চলেছেন। #এদিকে JDU, ৫৭ জনের প্রথম প্রার্থী তালিকা ঘোষণা করেছে। #UPA-র মহাজোটের আসন ভাগাভাগি নিয়ে আলোচনা প্রায় চূড়ান্ত।

২/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রাক্তন সেনা কর্মী ও তাঁদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের আর্থিক সহায়তার পরিমাণ, একশ শতাংশ বাড়ানোর বিষয়টি অনুমোদন করেছেন।

৩/ রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো নতুন দিল্লির ভারত মন্ডপমে এশিয়ার বৃহত্তম রেলওয়ে প্রদর্শনীর উদ্বোধন করে বলেছেন, গত ১১ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রেলের আধুনিকীকরণে এক নতুন মাত্রা যোগ হয়েছে।

৪/ সুপ্রিম কোর্ট, দিল্লি ও জাতীয় রাজধানী অঞ্চলে অক্টোবরের ১৮ থেকে ২১ তারিখের মধ্যে নির্দিষ্ট সময়ে আতশবাজি বিক্রি ও পোড়ানোর অনুমতি দিয়েছে।

৫/ ভারত সপ্তমবারের জন্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাষ্ট্রসংঘ মানবাধিকার পরিষদে নির্বাচিত।

৬/ যুদ্ধবিরতির পর রাষ্ট্রসংঘ গাজায় ত্রাণ বন্টনের পরিমাণ আরও বৃদ্ধি করবে বলে জানিয়েছে।

৭/ ইংল্যান্ড, ২০২৬-এর ফিফা বিশ্বকাপ ফুটবলে, খেলার যোগ্যতা অর্জন করেছে।

**********************************************************************

প্রধানমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আজ বিহারে বুথ স্তরে দলীয় কর্মীদের সঙ্গে আলাপচারিতার মাধ্যমে বিহার বিধানসভা নির্বাচনের প্রচার অভিযান শুরু করতে চলেছেন। 'মেরা বুথ সবসে মজবুত' প্রচার অভিযানে তিনি দলীয় কর্মীদের সঙ্গে কথা বলবেন। প্রধানমন্ত্রী বলেন, দলের একনিষ্ঠ কর্মীরা বিহারে বিজেপি NDA-র জয় সুনিশ্চিত করার জন্য পূর্ণশক্তি নিয়োজিত করে কাজ করছেন। তাঁর সঙ্গে আলাপচারিতা এই কর্মীদের মনে নতুন উৎসাহের সঞ্চয় করবে।

উল্লেখ্য, ২৪৩ আসন বিশিষ্ট বিহার বিধানসভা নির্বাচনে আগামী ৬ ও ১১ নভেম্বর ভোট নেওয়া হবে। ভোট গণনা ১৪ নভেম্বর।

*********************************************************************

ভারতীয় জনতা পার্টির পর বিহারে জনতা দল ইউনাইটেড- JDU, তাদের প্রথম প্রার্থী তালিকা ঘোষণা করেছে। ৫৭ জনের এই তালিকায় স্থান পেয়েছেন অধিকাংশ বর্তমান বিধায়ক ও মন্ত্রী। মুখ্যমন্ত্রী নীতিশ কুমারের ঘনিষ্ঠ সহযোগী গ্রামোন্নয়ন মন্ত্রী শ্রবণ কুমার, নালন্দা আসনে প্রার্থী হচ্ছেন। এছাড়া, জল সম্পদ মন্ত্রী বিজয় কুমার চৌধুরী সরাই রঞ্জন আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। JDU সভাপতি উমেশ কুশওয়াহা, মাহানার আসনে প্রার্থী হয়েছেন।

*********************************************************************

JDU সাংসদ সঞ্জয় কুমার ঝা বলেছেন, কয়েকদিনের মধ্যেই দ্বিতীয় তালিকাও প্রকাশ করা হবে। মুখ্যমন্ত্রী নীতিশ কুমার আগামীকাল নির্বাচনী প্রচার শুরু করবেন।

অন্যদিকে, বিহারে বিজেপি প্রধান দিলীপ জয়সওয়াল বলেছেন, প্রতিটি দলই আসন ভাগাভাগি নিয়ে আলোচনা করেছে। তারপর তাঁরা প্রার্থীদের নাম ঘোষণা করছেন।

*********************************************************************

পাটনায় UPA মহাজোটের আসন ভাগাভাগি নিয়ে'ও জোরদার আলোচনা চলেছে। আজকের মধ্যেই এব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে আশা করা হচ্ছে। তারপরেই ঘোষণা করা হবে প্রার্থী তালিকা। কংগ্রেস পরিষদীয় দলের নেতা শাকিল আহমেদ খান বলেছেন, আসন ভাগাভাগি নিয়ে রফা প্রায় চূড়ান্ত। এদিকে CPIML প্রার্থীরা, আরা, আরওয়াল, পালিগঞ্জ ও জিরাদেই আসনের জন্য মনোনয়ন দাখিল করেছেন। CPI'ও ছ'টি আসনে ও বহুজন সমাজ পার্টি ৪০ টি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে।

*********************************************************************

বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনে অর্থের ব্যবহার রুখতে নির্বাচন কমিশন এনফোর্সমেন্ট এজেন্সিগুলির জন্য নির্দেশিকা জারি করেছে। রাজ্য পুলিশ, রাজ্য আবগারি দপ্তর, আয়কর দপ্তর সহ বেশ কয়েকটি এনফোর্সমেন্ট এজেন্সিকে এই নির্দেশিকা পাঠানো হয়েছে। বিভিন্ন জায়গা থেকে এ পর্যন্ত প্রায় ৩৪ কোটি টাকার নগদ অর্থ, মদ ও মাদক উদ্ধার করা হয়েছে। বিভিন্ন সংস্থাকে অর্থের অপব্যবহার রুখতে দিবারাত্রি নজরদারির নির্দেশ দিয়েছে কমিশন।

*********************************************************************

বিজেপি, জম্মু কাশ্মীর, ঝাড়খন্ড, ওড়িশা ও তেলেঙ্গানায় আসন্ন উপনির্বাচনের জন্য প্রার্থীদের নাম ঘোষণা করেছে। জম্মু কাশ্মীরের বাদগাম-এ আগা সৈয়দ মহসীন ও নাগ্রোটা-য় দেবযানী রাণাকে দলের প্রার্থী করা হয়েছে।ঝাড়খন্ডের ঘাটশিলা আসনে বাবুলাল সোরেন প্রতিদ্বন্দ্বিতা করবেন। ওড়িশার নুওয়াপড়ায় প্রার্থী হচ্ছেন জয় ঢোলকিয়া। তেলেঙ্গানার জুবিলি হিল্‌স আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন লংকালা দীপক রেড্ডি। এই আসনগুলিতে ভোট নেওয়া হবে ১১'ই নভেম্বর। ফল প্রকাশিত হবে ১৪'ই নভেম্বর।

************************************************************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, প্রাক্তন সেনা কর্মী ও তাঁদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের আর্থিক সহায়তার পরিমাণ একশ শতাংশ বাড়ানোর বিষয়টি অনুমোদন করেছেন। প্রাক্তন সেনা কর্মীদের কল্যাণমূলক কাজের জন্য সংশ্লিষ্ট দপ্তর এই প্রকল্প রূপায়িত করবে। বর্তমানে প্রতিটি ক্ষেত্রে মাসিক যে চার হাজার টাকা সহায়তা বাবদ দেওয়া হয়, তা' বাড়িয়ে করা হচ্ছে আট হাজার টাকা। এর ফলে যে সমস্ত প্রাক্তন সেনাকর্মীর কোনো পেনশন নেই তাঁরা, এবং তাঁদের ৬৫ বছরের বেশী বয়সী বিধবারা এর ফলে উপকৃত হবেন। এছাড়াও, প্রাক্তন সেনা কর্মীদের ওপর নির্ভরশীল দুটি শিশুর জন্য শিক্ষা ভাতা'ও মাসিক এক হাজার টাকা থেকে বাড়িয়ে দু-হাজার টাকা করা হচ্ছে। নির্ভরশীল পরিবারের সদস্যদের বিবাহের জন্য অনুদান'ও ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে এক লক্ষ টাকা করা হয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, এবছর পয়লা নভেম্বর ও তার পর থেকে এজন্য আবেদন পত্র জমা দেওয়া যাবে। এর জন্য বছরে প্রায় ২৫৭ কোটি টাকা খরচ হবে।

************************************************************************

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ নতুন দিল্লির ভারত মন্ডপমে এশিয়ার বৃহত্তম ও বিশ্বের দ্বিতীয় বৃহত্তম রেলওয়ে প্রদর্শনী- 'ষোড়শ আন্তর্জাতিক রেলওয়ে ইকুইপমেন্ট এক্সিবিশন-২০২৫'-এর উদ্বোধন করেছেন। ১৫টির'ও বেশী দেশের সাড়ে চারশ'ও বেশী অংশগ্রহণকারী এতে যোগ দিচ্ছেন। অনুষ্ঠানে রেলমন্ত্রী বলেন, গত ১১ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রেলের আধুনিকীকরণে এক নতুন মাত্রা যোগ হয়েছে। দ্রুত গতিতে এই আধুনিকীকরণের কাজ এগিয়ে নিয়ে যেতে প্রতিবছর বিনিয়োগ হচ্ছে ২'লক্ষ ৫৬ হাজার কোটি টাকা। এই সময়কালে ৩৫ হাজার কিলোমিটারের'ও বেশী রেলপথ নির্মাণ করা হয়েছে। ২৬ হাজারের'ও বেশী রেল লাইনের বেশী বিদ্যুৎ সংযোগ স্থাপন করা হয়েছে। রেল এখন এক প্রধান রপ্তানি হাব হিসেবে আত্মপ্রকাশ করেছে এবং সম্প্রতি ভারতে নির্মিত রেলের যন্ত্রাংশ আফ্রিকাতেও রপ্তানী করা হয়েছে।

( বাইট- রেলমন্ত্রী অশ্বিনী )

অনুষ্ঠানে ভারতের শিল্প মহাসংঘ CII-এর মহানির্দেশক চন্দ্রজিৎ ব্যানার্জী বলেন, এই প্রদর্শনীতে রেল প্রযুক্তি ও ম্যানুফ্যাকচারিং-এর ক্ষেত্রে ভারতের উদ্ভাবন ও অবদানকেই তুলে ধরা হয়েছে। এই সম্মেলন আন্তর্জাতিক বিনিয়োগকারীদের সঙ্গে ভারতের অংশীদারিত্বের সম্পর্ক স্থাপনে বিশেষ সহায় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

( বাইট- চন্দ্রজিৎ ব্যানার্জী / CII )

তিনদিনের এই প্রদর্শনীতে রেল মন্ত্রক অমৃত ভারত ও তেজস কোচ, বন্দে ভারত ট্রেন, কলকাতা মেট্রো এবং নমো ভারত ট্রেন প্রদর্শিত হচ্ছে।

************************************************************************

সুপ্রিম কোর্ট আজ এক উল্লেখযোগ্য রায়ে অক্টোবরের ১৮ থেকে ২১ তারিখের মধ্যে দিল্লি ও জাতীয় রাজধানী অঞ্চলে আতশবাজি বিক্রি ও পোড়ানোর অনুমতি দিয়েছে। তবে শুধুমাত্র সকাল ৬'টা থেকে সাতটা এবং রাত ৮'টা থেকে ১০ টা - নির্দিষ্ট এই সময়েই এই অনুমতি কার্যকর হবে। প্রধান বিচারপতি ভূষণ আর গাভাই এবং বিচারপতি কে বিনোদ চন্দ্রনের বেঞ্চ বলেছেন, এই নির্দেশিকা শুধুমাত্র স্বল্প সময়ের জন্য'ই। উৎসব পালন ও পরিবেশ সুরক্ষার মধ্যে ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে এক সামঞ্জস্যপূর্ণ পদক্ষেপ হিসেবে এই সিদ্ধান্তকে অভিহিত করেছে শীর্ষ আদালত। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-CPCB এবং রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদগুলিকে এই সময় বায়ু ও জলের মান নিরীক্ষণ করে ১৪ থেকে ২১ শে অক্টোবরের মধ্যে দিল্লির বাতাসে আতশবাজির প্রভাব সম্পর্কে একটি বিস্তারিত রিপোর্ট পেশ করার'ও নির্দেশ দিয়েছে।

এই অনুমতিদানের পাশাপাশি শীর্ষ আদালত, একটি বিস্তারিত খসড়া'ও তৈরী করেছে। এতে বলা হয়েছে, আতশবাজিগুলি শুধুমাত্র নির্ধারিত জায়গা থেকেই বিক্রি করা যাবে। এছাড়াও বাজি নির্মাতাদের ওপরেও নিয়মিত নজরদারি চালানোর নির্দেশ দেওয়া হয়েছে টহলদারি টিমকে। স্বচ্ছতা বজায় রাখতে সরকারি ওয়েবসাইটে পরিবেশবান্ধব এইসব আতশবাজির QR কোড আপলোড করতে হবে। এছাড়াও জাতীয় রাজধানী অঞ্চলের বাইরে থেকে কোনোরকম আতশবাজি সেখানে এনে পোড়ানো যাবে না। আদালতের এই নির্দেশ অমান্য করা হলে বাজি নির্মাতাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ এমনকি লাইসেন্স বাতিলের মতো ব্যবস্থা গ্রহণের'ও নির্দেশ দিয়েছেন বেঞ্চ।

দিল্লি সরকার সুপ্রিম কোর্টের এই নির্দেশকে স্বাগত জানিয়েছে। সামাজিক মাধ্যমের এক বার্তায় দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা বলেছেন, দীপাবলীর মতো পবিত্র উৎসবে পরিবেশ সুরক্ষার দিকটি বজায় রেখেই

মানুষের ভাবাবেগ ও উৎসাহের মেলবন্ধন এই সিদ্ধান্ত। তাঁর সরকার দূষণমুক্ত দিল্লি গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

*********************************************************************

ভারত, সপ্তমবারের জন্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাষ্ট্রসংঘ মানবাধিকার পরিষদে নির্বাচিত হয়েছে। ২০২৬ থেকে শুরু হয়ে এই সদস্য পদ পরবর্তী ৩ বছরের জন্য কার্যকর থাকবে। সাধারণসভায় ভারতের নির্বাচনের পর রাষ্ট্রসংঘে দেশের স্হায়ী প্রতিনিধি  পি হরিশ জানান, মানবাধিকার এবং মৌলিক স্বাধীনতার প্রতি ভারতের অবিচল অটুট দায়বদ্ধতার প্রতিফলন হলো এই নির্বাচন। সামাজিক মাধ্যমে পি হরিশ বলেন, এই সময়কালে সদস্য পদের লক্ষ্য পূরণে ভারত কাজ চালিয়ে যাবে। অভূতপর্ব সমর্থনের জন্য তিনি সব প্রতিনিধিকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, মানবাধিকার সপরিসদ হলো ৪৭ সদস্য বিশিষ্ট রাষ্ট্রসংঘের প্রধান সংস্হা।

*********************************************************************

রাষ্ট্রসংঘ, গাজায় ত্রাণ বন্টনের পরিমাণ আরও বৃদ্ধি করবে বলে জানিয়েছে। সাম্প্রতিক যুদ্ধবিরতির পর এই অঞ্চলের সার্বিক পরিস্থিতির উন্নতিতে রাষ্ট্রসংঘের  ত্রাণ সরবরাহ কার্যালয়কে ইজরায়েল গাজায় প্রবেশের অনুমতি দিয়েছে, ৮১৭ টি ত্রাণ  বোঝাই ট্রাক সেখানে প্রবেশ করেছে।
এদিকে রাষ্ট্রসংঘ জানিয়েছে, হামাস ইজরায়েল সংঘর্ষের পর গাজার আল কাতিবা সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই অঞ্চলের মানুষদের ত্রাণ সরবরাহে এবং আশ্রয় কেন্দ্র পুনর্নির্মাণে রাষ্ট্রসংঘ এবং সহযোগী সংস্থাগুলি উদ্যোগী হয়েছে। এদিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা-হু আল আহোলি হাসপাতালে একটি জরুরী চিকিৎসক দল পাঠিয়েছে। এছাড়াও, বিভিন্ন কেন্দ্র থেকে ফিরে আসা বাসিন্দাদের সাহায্যে বিপজ্জনক এলাকাগুলি পরিচ্ছন্ন করা হচ্ছে। গাজায় নতুন সৌর প্যানেল ও স্থাপন করা হচ্ছে।

*********************************************************************

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশিষ্ট বিজ্ঞানী, ভারতরত্ন এবং দেশের প্রাক্তন রাষ্ট্রপতি ডক্টর APJ আব্দুল কালামের জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। সমাজিক মাধ্যমে এক বার্তায় উপ-রাষ্ট্রপতি রাধাকৃষ্ণান, ডক্টর কালামকে একজন দূরদর্শী বিজ্ঞানী এবং প্রকৃত স্বদেশপ্রেমী এবং অনুপ্রেরণাদায়ক নেতা হিসেবে অভিহিত করেছেন। তাঁর সহানুভূতির মানসিকতা এবং ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় প্রজন্মের পর প্রজন্মকে উদ্বুদ্ধ করেছে।

অন্যদিকে, প্রধানমন্ত্রী শ্রী মোদী এক বার্তায় ডক্টর আব্দুল কালামকে দুরদর্শী  এমন এক ব্যক্তি হিসেবে অবিহিত করেছেন, যিনি তরুণ প্রজন্মকে উৎসাহিত এবং স্বপ্ন দেখার জন্য উদ্বুদ্ধ করেছিলেন।

( বাইট- মোদী )

*********************************************************************

ইংল্যান্ড, ২০২৬-এর ফিফা বিশ্বকাপ ফুটবলে, খেলার যোগ্যতা অর্জন করেছে।   রিগা-এ কোয়ালিফায়ার ম্যাচে তারা পাঁচ/ শূণ্য গোলে লাটভিয়াকে পরাজিত করার সুবাদে এই সাফল্য লাভ করলো। নিজয়ো দলের পক্ষে অধিনায়ক হ্যারি কেন দুটি গোল করেন।

এই জয়ের ফলে ইংল্যান্ড ছ'টি ম্যাচের সবক'টিতেই বিজয়ী হল। ১৮ পয়েন্ট নিয়ে তারা রয়েছে গ্রুপ-কে-এর শীর্ষস্থানে। দ্বিতীয় স্থানাধিকারী অ্যালবেনিয়া রয়েছে তাদের থেকে আরো সাত পয়েন্ট পেছনে।

*********************************************************************